ইত্তেফাক

তারিখ ৭।১।৬৯

পৃষ্ঠা... কলাম...

481

# নগরীর মাধ্যমিক বিদ্যালয়ে ভর্তি পরীক্ষা

আগামী ১২ই জানুয়ারী উচ্চ বালিকা বিদ্যালয়সমূহে এবং ১৩ই জানুয়ারী উচ্চ বালক বিদ্যালয়সমূহে নগরীর মাধ্যমিক ছাত্র-ছাত্রীদের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইবে। আগামী ১০ই জানুয়ারী বিকাল ৪টা পর্যন্ত ভর্তি পরীক্ষার আবেদনপত্র জমা নেওয়া হইবে। ছাত্র-ছাত্রীদেরকে অংক, ইংরেজী ও বাংলা বিষয়ে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইবে।

গত ৩১শে জানুয়ারী সকালে আজিমপুর গার্লস হাইস্কুল মিলনায়তনে ঢাকা বিভাগীয় উপ-জনশিক্ষা পরিচালক (ভারপ্রাপ্ত) জনাব এম, এ, রহিমের সভাপতিত্বে ৬৬টি বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও প্রধান শিক্ষয়িত্রীর এক সভায় এই সিদ্ধান্ত লওয়া হয়। খবর প্রেস বিজ্ঞপ্তির।

যাহারা মেডিক্যাল কলেজে

(৬ষ্ঠ পৃঃ দ্রঃ)

## মাধ্যমিক বিদ্যালয়

(৩য় পৃঃ পর)

ভর্তির জন্য ডাকযোগে দরখাস্ত করিয়াছেন, সত্যায়িত ফটোসহ তাহাদের প্রতিনিধি মারফত আগামী ১০ই জানুয়ারীর মধ্যে প্রবেশপত্র সংগ্রহের নির্দেশ দেওয়া হইয়াছে। খবর প্রেস বিজ্ঞপ্তির।